

## অবকাঠামো মনিটরিংয়ে সব উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদফতর কার্যালয় স্থাপন করা হবে

শিক্ষামন্ত্রী

### নিজস্ব বার্তা পরিবেশক

দেশের সব উপজেলায় শিক্ষা প্রকৌশল অধিদফতরের কার্যালয় স্থাপন করার ঘোষণা দিয়ে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, 'বর্তমানে জেলাভিত্তিক শিক্ষা প্রকৌশল কার্যালয় থেকে তৃণমূল পর্যায়ে শিক্ষাপ্রতিষ্ঠানের অবকাঠামোর নির্মাণকালীন মনিটরিং করা অত্যন্ত কঠিন কাজ। এজন্য শিক্ষা প্রকৌশল অধিদফতরকে সারাদেশের সব উপজেলা পর্যন্ত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শীঘ্রই এর কার্যক্রম শুরু করা হবে।'

গতকাল রাজধানীর কাকরাইলে, আইডিইবি মিলনায়তনে শিক্ষা প্রকৌশল অধিদফতর 'ডিপ্রোমা প্রকৌশলী সমিতির জাতীয় সম্মেলন ও ২১তম কাউন্সিল' অধিবেশনের উদ্বোধন অনুষ্ঠানে মন্ত্রী নাহিদ এ কথা বলেন। আয়োজক সমিতির সভাপতি আমিনুল ইসলাম ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষা সচিব (দায়িত্বে) এএস মাহমুদ, শিক্ষা প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী মুক্তিযোদ্ধা দেওয়ান মো. হানজালা, ইনস্টিটিউশন অফ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্সের সভাপতি একেএমএ হামিদ প্রমুখ।

নির্বাচনী (সংসদীয় আসন) এলাকায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ ও সংস্কার কাজের উদ্যোগের কথা জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'দেশের প্রতিটি নির্বাচনী এলাকায় ২০টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, ৬টি করে মাদ্রাসা, সর্ব কলেজ, সব সরকারি বিদ্যালয়ের উন্নয়ন করা হবে। প্রধানমন্ত্রী এ প্রকল্পের অনুমোদন দিয়েছেন। ইতোমধ্যে তিন হাজার মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ প্রায় শেষ

পর্যায়ে রয়েছে। আর ১২ হাজার মাদ্রাসার ভবন নির্মাণ কাজ শেষের দিকে রয়েছে। সেইসঙ্গে সারাদেশে দেড় হাজার কলেজের উন্নয়ন কাজ চলেছে।'

ঠিকাদারদের কাজ প্রকৌশলীদের বুঝিয়ে দেয়ার নির্দেশ দিয়ে শিক্ষামন্ত্রী বলেন, 'আদের (ঠিকাদার) মুখ দেখতে চাই না। ইট-বালু ফেলে রাখবেন, আবার কম হলে কাজ বন্ধ রাখবেন, তা চলবে না। শিক্ষা প্রকৌশলীদের কর্মক্ষমতা বাড়ানোর তাগিদ দিয়ে তিনি বলেন, বেতন দিওন হয়েছে, কর্মপরিধি বাড়তে হবে। সৃজনশীল কাজের উদ্ভাবন করতে হবে। যারা বেশি কাজ করবেন তারা পুরস্কার পাবেন, আর যারা কম কাজ করবেন তারা তিরস্কৃত হবেন। শিক্ষাপ্রতিষ্ঠান দেখতে যেন সুন্দর হয়। তাহলে শিক্ষার্থীদের স্কুলে যেতে আর্থিক বাড়বে। তাই প্রকৌশলীদের সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে।'

মন্ত্রী বলেন, উপবৃত্তি, বিনামূল্যে পাঠ্যবই বিতরণ, বেতন মওকুফ, বিদ্যালয়ে দুপুরের খাবার সরবরাহের মতো দরিদ্র শিক্ষার্থীদের জন্য সরকারের নানা কর্মসূচির ফলে সারাদেশে বিভিন্ন পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা ব্যাপকহারে বৃদ্ধি পায়। এসব শিক্ষার্থীর জন্য ক্লাসরুমের ব্যবস্থা করতে গ্রামাঞ্চলে ব্যাপক অবকাঠামো নির্মিত হচ্ছে।

প্রকৌশলীদের এক হাজার ৩২৭টি পদের মধ্যে ৪৭টি শূন্য রয়েছে উল্লেখ করে নূরুল ইসলাম নাহিদ বলেন, আগামীকাল (আজ) কমিটি করে শূন্যপদে প্রকৌশলী নিয়োগের ব্যবস্থা করতে মন্ত্রণালয়ের সচিবের (অতিরিক্ত দায়িত্ব) দৃষ্টি আকর্ষণ করেন। সহকারী প্রকৌশলীদের অফিস দিতে থানা নির্বাহী কর্মকর্তাকে (ইউএনও) নির্দেশ দেয়া হয়েছে বলে জানান মন্ত্রী।